তারিখ ... ৭।৪।৮৩ ...
পৃষ্ঠা ... ... কলাম ...

ইত্তেফাক

008

৭।৪।৮৩
২৩৫৮৮

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

## গণভবন কমপ্লেক্স

## শেরেবাংলা নগর, ঢাকা-৭

# ভর্তি বিজ্ঞপ্তি

( কমার্সে ২ বৎসর মেয়াদী ডিপ্লোমা কোর্সের জন্য ).

বাংলাদেশে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত বিভিন্ন কমার্শিয়েল ইন্সটিটিউটে নিম্নোক্ত কোর্সসমূহে ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। নগদ ৩ টাকা (অফেরতযোগ্য) মূল্যে সংশ্লিষ্ট ইন্সটিটিউটসমূহ হইতে নির্ধারিত মুদ্রিত দরখাস্ত ফরম এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের "তথ্য নির্দেশনা" পাওয়া যাইবে। সংশ্লিষ্ট ইন্সটিটিউটের অধ্যক্ষের অনুকূলে প্রদেয় ২০ টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ সকল প্রয়োজনীয় দলিলপত্র দ্বারা সমর্থিত এবং যথাযথভাবে পূরণকৃত দরখাস্ত ফরম ২১শে আগষ্ট, ১৯৮৩ তারিখে কিংবা তৎপূর্বে অফিস চলাকালে সংশ্লিষ্ট ইনষ্টিটিউটে দাখিল করিতে হইবে।

| কোর্স | দরখাস্তের জন্য উপযুক্ততা | প্রতিষ্ঠান |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) ডিপ্লোমা-ইন-কমার্স (২ বৎসর কোর্স)<br>(ক) সেক্রেটারীয়েল সায়েন্স ইংরেজী অথবা বাংলা।<br>(খ) এ্যাকাউন্টিং ইংরেজী অথবা বাংলা। | (ক) প্রার্থীকে অবশ্যই এসএসসি পরীক্ষায় অন্যূন ৪০% নম্বর পাইতে হইবে।<br>এবং<br>(খ) সেক্রেটারীয়েল সায়েন্স গ্রুপে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদেরকে অবশ্যই এসএসসি পরীক্ষায় ইংরেজী এবং বাংলায় গড়ে অন্যূন ৪০% নম্বর পাইতে হইবে<br>এবং<br>(গ) এ্যাকাউন্টিং গ্রুপে ভর্তি হইতে ইচ্ছুক প্রার্থীদেরকে এসএসসি পরীক্ষায় অংকে অবশ্যই অন্যূন ৪০% নম্বর পাইতে হইবে। | বাংলাদেশে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অন্তর্ভুক্ত সকল পলিটেকনিক ইনষ্টিটিউট এবং গভঃ কমার্শিয়েল ইন্সটিটিউট। |

সংশ্লিষ্ট ইন্সটিটিউট কর্তৃক প্রার্থী নির্বাচনের পদ্ধতি

১) প্রার্থীদের এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষার মেধা তালিকা প্রণয়ন করা হইবে। অনিয়মিত প্রার্থীদের ক্ষেত্রে প্রতি বৎসর লসের জন্য এসএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ৫% কাটা হইবে।

২। প্রতিটি ইনষ্টিটিউটে যতগুলি আসন রহিয়াছে তাহার সর্বোচ্চ পাঁচগুণ প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে এবং ২৪-৮-৮৩ তারিখে সংশ্লিষ্ট ইনষ্টিটিউটের নোটিস বোর্ডে এই ধরনের যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হইবে।

৩) ২৮-৮-৮৩ তারিখে নিম্নোক্ত সিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট ইনষ্টিটিউটে (কুমিল্লাস্থ বদরপুর আকবর আলী খান হাইস্কুলের প্রার্থিগণ ছাড়া, যাহারা কুমিল্লা পলিটেকনিক ইনষ্টিটিউটে ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হইবে) এসএসসি মানের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এই বোর্ড কেন্দ্রীয়ভাবে প্রশ্নপত্র তৈরী করিবে এবং যথাসময়ে উহা সংশ্লিষ্ট কেন্দ্রসমূহে বিলি করা হইবে।

| বিষয় | নম্বর | | সময় |
|---|---|---|---|
| ১) (ক) ইংরেজী | ৭৫ | মোট ১৫০ | বেলা ১০টা হইতে ১২-৩০টা |
| (খ) বাংলা | ৭৫ | (এক পেপার) | |
| ২) (ক) সাধারণ গণিত | ৫০ | মোট ১০০ | বেলা ২-৩০টা হইতে ৪টা |